

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০১.২৪-২৪৯

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০  
২৫ ফেব্রুয়ারি ২০২৪


বিষয়: চট্টগ্রাম জেলা রাউজান পৌরসভার সীমানা সম্প্রসারণ প্রসঙ্গে।

সূত্র: ১. জনাব এ বি এম করিম চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-৬ এর ডিওপত্র, তারিখ: ২১ জানুয়ারি, ২০২৪খ্রি.  
২. রাউজান পৌরসভা, চট্টগ্রাম এর স্মারক নং-১১৭, তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে চট্টগ্রাম জেলা রাউজান পৌরসভার সীমানা সম্প্রসারণ সংক্রান্ত উক্ত পৌরসভার নিকট হতে প্রাপ্ত পত্রের ছায়াছবি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-৩ এবং পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ এর বিধি-৩ মোতাবেক নিম্নোক্ত তথ্যাদিসহ রাউজান পৌর এলাকা সম্প্রসারণের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) প্রস্তাবিত এলাকার অকৃষি পেশায় নিয়োজিত ব্যক্তির শতকরা হার;
- (২) প্রস্তাবিত এলাকার অকৃষি প্রকৃতির ভূমির শতকরা হার;
- (৩) প্রস্তাবিত এলাকার জনসংখ্যার ঘনত্ব;
- (৪) প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত ও পৌরসভার সংলগ্ন কিনা;
- (৫) প্রস্তাবিত এলাকার স্থানীয় আয়ের উৎস, অর্থনৈতিক গুরুত্ব এবং অবকাঠামোগত সুবিধাদির বিবরণ;
- (৬) প্রস্তাবিত এলাকা সেনানিবাস বহির্ভূত কিনা; এবং
- (৭) স্কেচ ম্যাপ (A-4 সাইজ কাগজে বিদ্যমান পৌরসভার এলাকা ও সম্প্রসারণের জন্য প্রস্তাবিত এলাকা এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলায় সেনানিবাস থাকলে তার অবস্থান পৃথক কালি দ্বারা চিহ্নিত হতে হবে)।
- (৮) নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাবিত এলাকার তফসিল (সফট কপিসহ)

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে এল নং	দাগ নং
১	২	৩	৪	৫

  
২৫/০২/২০২৪  
মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

জেলা প্রশাসক  
চট্টগ্রাম

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, রাউজান পৌরসভা, চট্টগ্রাম
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অফিস কপি।